# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ২৯ অক্টোবর, ২০১৪ |
| সময় | ঃ | সকাল ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬(৪) এর প্রকল্পটির দরপত্র আহ্বানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ ও ৪০বিবিধ-১৫(২৬) এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। এছাড়া উক্ত সভার অন্যান্য সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ সেপ্টেম্বর, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০১৪ মাসে গৃহকর বাবদ ২৮,৫৭,৮৯৩.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১৬,২২,৪০৮.০০ টাকা আদায় হয়েছে। সেপ্টেম্বর ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ১,১৭,৯৮,১৩৬.০০ টাকা যা মোট দাবীর ১৩.৭৭%। আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়ার জন্য রাজস্ব শাখাকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩ঃ সেপ্টেম্বর, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেপ্টেম্বর ২০১৪ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৫২,১১,২১৩.০০ টাকা আয় হয়েছে। সাধারণ অনুদান, অগ্রিম ফেরত, আর্মি চুক্তি বাবদ প্রাপ্ত অর্থ ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ১৪,১৩,৩৬,৪৯২.৭৬ টাকা। সেপ্টেম্বর ২০১৪ মাসে সর্বমোট ব্যয় ৫,৮৪,১২,৩৯৪.০০ টাকা। আলোচনায় আরো জানা যায় যে, নৌ বাহিনীর সাথে কঞ্জারভেন্সী চুক্তির অর্থ না পাওয়ায় সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা পরিশোধ করতে সমস্যা হচ্ছে। দ্রুত চুক্তি সম্পাদনসহ চুক্তি অনুযায়ী অর্থ পরিশোধের জন্য নৌ বাহিনী কর্তৃপক্ষকে তাগিদপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৪ঃ সেপ্টেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেপ্টেম্বর, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৫ঃ সেনাসদর কিউএমজি শাখার সম্মেলন কক্ষে ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে অনুষ্ঠিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আয়-ব্যয় সংক্রান্ত সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ২৫ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে সেনাসদর, কিউএমজি শাখার সম্মেলন কক্ষে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে ক্যান্টনমেন্ট বোর্ডের আয়-ব্যয় সংক্রান্ত বিষয়ে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের ০২ অক্টোবর ২০১৪ তারিখের ৩৯১৭/১/মামলা/এমকিউ-২ নং পত্রের মাধ্যমে উক্ত সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে এবং উক্ত সভার সিদ্ধান্তের উপর কার্যকরী পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। উপস্থাপিত কার্যবিবরণীর উপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

১। বিষয় ঃ *সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা ও আয়-ব্যয় ব্যবস্থাপনা।*

সিদ্ধান্ত ঃ এ বিষয়ে আলোচ্যসূচী-১০ এ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হবে।

২। বিষয় ঃ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল ও কলেজসমূহ পরিচালনা ও ব্যবস্থাপনা।

সিদ্ধান্ত ঃ বিধিমালা সংশোধনসহ অন্যান্য নীতিগত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর ব্যবস্থা গ্রহণ করবে বিধায় বর্তমান অবস্থায় বোর্ডের করণীয় নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

৩। বিষয় ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বাজার ব্যবস্থাপনা।

সিদ্ধান্ত ঃ
(ক) রজনীগন্ধা সুপার মার্কেটের সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার লক্ষ্যে স্টেশন হেলথ অর্গানাইজেশনের প্রতিবেদন অনুযায়ী যথাযথ পদক্ষেপ গ্রহণ।
(খ) ভোক্তা অধিকার নিশ্চিত করার লক্ষ্যে বাজার মনিটরিং ব্যবস্থা জোরদার করা। অসাধু সিন্ডিকেট সনাক্ত করে আইনের আওতায় আনা।
(গ) বাজার চলাচলের রাস্তায় হকার বসা বন্ধ করা। বাজারের পিছনে হার্ডস্ট্যান্ড ও ছাউনী তৈরী করে দৈনিক ভাড়ার ভিত্তিতে হকার বসার ব্যবস্থা করা।

৪। বিষয় ঃ সেনানিবাসের ভিতরে বিভিন্ন প্রকার ফি, চার্জ ও ট্যাক্স নির্ধারণ।

সিদ্ধান্ত ঃ (ক) বনানী সামরিক কবরস্থানে কবর প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে সার্ভিস চার্জ আদায় করতে হবে।

(খ) সেনানিবাসের অভ্যন্তরে চলাচলকারী সকল বাণিজ্যিক গাড়ীর রুট পারমিট ফি আদায় করতে হবে।

(গ) সকল ডিস লাইন ও ইন্টারনেট সার্ভিস প্রদানকারীর নিকট হতে বাৎসরিক ফি আদায় করতে হবে।

(ঘ) বিজ্ঞাপনের জন্য বৈদ্যুতিক পোল কিংবা অন্য কোন স্থাপনা/স্থান ব্যবহারের জন্য বাৎসরিক ফি আদায় করতে হবে। এ বিষয়ে সার্ভিস গ্রহণকারীদের নিয়ে একটি মতবিনিময় সভা করে পূর্ণাঙ্গ প্রস্তাব উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) সকল বিজ্ঞাপনের জন্যে বাৎসরিক ফি কার্যকরীভাবে আদায় করতে হবে।

(চ) সকল প্রকার ট্রেড লাইসেন্স প্রদান ও পুনঃ নির্ধারণ করতে হবে নির্ধারিত সময় পরপর।

৫। বিষয় ঃ পানি সবরাহ ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা।

সিদ্ধান্ত ঃ (ক) প্রত্যেক পানির সংযোগ থেকে মিটারের মাধ্যমে বিল সংগ্রহ করতে হবে।

(খ) পয়ঃনিষ্কাশনের জন্য আলাদাভাবে পানির সংযেগের সাথে মাসিক ভিত্তিক এককালীন বিল ধার্য করতে হবে। পয়ঃনিষ্কাশন বাবদ কতো টাকা ধার্য করা যায় সে বিষয়ে ওয়াসা এর সাথে সামঞ্জস্য রেখে পূর্ণাঙ্গ প্রস্তাব উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য এক্স-রে ফিল্ম ক্রয় এর বিষয়ে আলাচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের এক্স-রে মেশিনটি ইতোমধ্যে চালু করা হয়েছে। এক্স-রে মেশিনের জন্য উৎপাদনকারী/বাজারজাতকারী প্রতিষ্ঠানের নিকট হতে সরাসরি প্রয়োজনীয় এক্স-রে ফিল্ম ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের আউটডোর ও ইনডোর রোগীদের জন্য ঔষধ ক্রয়ের বিষয়ে আলাচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ঔষধের তালিকা প্রণয়ন করে উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে সরাসরি হাসপাতালের আউটডোর ও ইনডোর রোগীদের জন্য ঔষধ ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ক্লিনিক্যাল ও প্যাথলজির জন্য ৮৭,৪৭০/- (সাতাশি হাজার চারশত সত্তর) টাকা মূল্যের বিভিন্ন আইটেমের ইনস্ট্রুমেন্ট ও দ্রব্য সামগ্রী ক্রয় এর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের প্যাথলজি এর কার্যক্রম শুরু হতে যাচ্ছে। প্যাথলজিক্যাল Sample Collcetion এর জন্য ৩৭ আইটেমের ছোটখাট ইনস্ট্রুমেন্ট ক্রয়ের নিমিত্তে ৮৭,৪৭০/- টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে হাসপাতালের নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ আউটসোর্সিং এর মাধ্যমে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য একজন বায়োমেডিকেল ইঞ্জিনিয়ার নিয়োগের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল ও ল্যাবরেটরী ইকুইপমেন্ট নিয়মিত রক্ষণাবেক্ষণ ও তদারকির জন্য আউটসোর্সিং এর মাধ্যমে একজন দক্ষ বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার চুক্তিভিত্তিক নিয়োগের মাধ্যমে EOI আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ঃ টিওএন্ডই মোতাবেক জনবলের প্রাধিকার অনুমোদন এর বিষয়ে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২ অক্টোবর ২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/জেনারেল/১৬৩-৩/শা-৩/১৯৫/ নং পত্রের সাথে স্টেশন সদর দপ্তর ঢাকা সেনানিবাসের ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ৩১৯/৭/এ নং পত্রের নির্দেশনার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ৩১৯/৭/এ নং পত্রের মাধ্যমে এ মর্মে নির্দেশনা প্রদান করা হয় যে, "সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে বিএ-৩২৬৬ লে.কর্ণেল মোঃ আনোয়ার হোসেন, পিএসসি, ই বেঙ্গলকে হাসপাতালের পরিচালক প্রশাসন হিসাবে বদলীর আদেশ প্রদান করা হয়েছে যা অদ্যাবধি প্রাধিকৃত হয়নি। হাসপাতালটি পরিচালনার সুবিধার্থে সেনাসদরের চাহিদার প্রেক্ষিতে বরাত ঘ মোতাবেক পরিচালক হিসাবে বদলীকৃত অফিসারকে নূন্যতম প্রশাসনিক সুবিধা প্রদানপূর্বক নিয়োগের প্রাধিকার প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো"। গত ২৫ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে সেনাসদর, কিউএমজি শাখার সম্মেলন কক্ষে কিউএমজি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সমন্বয় সভায় সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট

বোর্ড জেনারেল হাসপাতাল পরিচালনা ও এর আয়-ব্যয় ব্যবস্থাপনার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সেনাসদর, কিউএমজি শাখার সিদ্ধান্তের আলোকে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০২/১০/২০১৪ তারিখের ২/এমএলএন্ডসি/ জেনারেল/১৬২-৩/শা-৩/১৯৫ নং পত্রের মাধ্যমে বিষয়টি বোর্ডসভায় উপস্থাপন করে সংশ্লিষ্ট আইন ও বিধিমালার আলোকে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য বলা হয়। বোর্ডসভায় হাসপাতালটি বোর্ডের একটি প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম পরিচালনা করবে কি না এ বিষয়ে আলোচনায় এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, হাসপাতাল প্রতিষ্ঠা করার উদ্দেশ্য এবং ডিপিপির আওতায় প্রদান করা সরকারী অর্থ ব্যয়ের উদ্দেশ্য বাস্তবায়নের লক্ষ্যে হাসপাতালটি পরিচালনা এবং ব্যবস্থাপনা পদ্ধতি যুগোপযোগী ও গতিশীল করা প্রয়োজন। এতদ্‌বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখার ২৯ অক্টোবর, ২০১৪ তারিখের ৩৯১৭/১/বিবিধ/এমকিউ-২ নং পত্রের আলোকে হাসপাতালটি স্বয়ংসম্পূর্ণ এবং স্বনির্ভর প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার আগামী বোর্ডসভায় একটি পূর্ণাঙ্গ প্রস্তাবনা উপস্থাপন করবেন।

আলোচ্যসূচী-১১ঃ বিমান বাহিনীর নিয়ন্ত্রণাধীন বাউনিয়া মৌজার ১.১২ একর জমির উপর প্রতিষ্ঠিত বর্তমানে স্থানীয় ভাবে পরিচালিত বালুঘাট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের ২৯/০৯/২০১৪ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ২৯/৪/২০১৪ তারিখের বিডি/এলসি/ ৫৭৪/৯৩/১৩২ নং পত্রের মাধ্যমে বিমান বাহিনীর নিয়ন্ত্রণাধীন বাউনিয়া মৌজার ১.১২ একর জমির উপর প্রতিষ্ঠিত বর্তমানে স্থানীয়ভাবে পরিচালিত বালুঘাট উচ্চ বিদ্যায়টি বর্তমানে বিমান বাহিনী অথবা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালনা করবেন কিনা এ বিষয়ে মতামত প্রদানের জন্য বলা হয়। বিদ্যালয়টি স্থানীয়ভাবে পরিচালনার জন্য ২৪/৪/২০০৪ সাল পর্যন্ত মোট ৩০ বৎসরের জন্য ইজারা দেয়া হয়। ২০০৪ সাল ইজারার মেয়াদ শেষ হওয়ায় পুনরায় ইজারার জন্য আবেদন করা হলে তা সরকারী অনুমোদনের জন্য প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হলে ইজারা অনুমোদন না করে নিরাপত্তার কারণ দেখিয়ে তা বিমান বাহিনী অথবা ক্যান্টনমেন্ট বোর্ড এর মাধ্যমে পরিচালনা করতে পারে এবং বিমান বাহিনীর সাথে আলোচনা পূর্বক পুনঃপ্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। এ সংক্রান্ত বিষয়ে প্রেসিডেন্ট ক্যান্টনমেন্ট বোর্ড ও ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার গত ১২/৮/২০১৪ তারিখে বালুঘাট বিদ্যালয়টি পরিদর্শন করেন। সভায় উপস্থিত বোর্ডের সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি সভাকে জানান যে, বিমান বাহিনী কর্তৃপক্ষ কর্তৃক উক্ত বিদ্যালয়টি পরিচালনা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে বিদ্যমান বিদ্যালয়টির বর্তমান শিক্ষা কার্যক্রম অব্যাহত রেখে বিমান বাহিনী কর্তৃক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১. | প্লট#৫৬, রোড#৭, ফ্ল্যাট#২/এ (২য় তলা-পূর্ব পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এষ্টেট (জনাব ইকবাল ইলিয়াস সামী গং এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#১৫১, লেন#৪, ইষ্টার্ণ রোড, ডিওএইচএস মহাখালী, ঢাকা-১২০৬ তাং- ০৬/৫/২০১৪ | জনাব মোঃ রাকিব হোসেন পিতা- মোশারেফ হোসেন দুলাল, হোল্ডিং নং-২৯৩, কালীনাথ রায়ের বাজার, থানা- ভোলা সদর, জেলা- ভোলা। | তাং ১৮/৯/২০১৪ নং- ২৩.০১.৯০১.৮০০.০৩ .০২৯.১০.১৭.০৯.১৪ | ফ্ল্যাটের আয়তন- ২০২০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | প্লট#৬৭/বি, রোড#৬/এ, ফ্ল্যাট# এ/৩ (৪র্থ উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব আবুল খায়ের মোঃ তারিকুল ইসলাম (মেজর (অবঃ) মোঃ আনোয়ার হোসনে এর নিযুক্তীয় আম-মোক্তার) ৮/১৯, স্যার সৈয়দ ইকবাল রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। তাং- ০১/১২/২০১৩ | (১) জনাব মুহাম্মদ আলাউদ্দিন আহমদ (২) সাবরিনা এম শায়লা, স্বামী- মুহাম্মদ আলাউদ্দিন আহমদ, প্লট#৬৭/বি, রোড#৬/এ, ফ্ল্যাট# এ/৩ (৪র্থ উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | তাং ১২/১০/২০১৪ নং- ২৩.০১.৯০১.৮০০.০৩ .০২৯.১০.১২.১০.১৪ | ফ্ল্যাটের আয়তন- ২১৪৪ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৬ নং প্লটে নির্মিত বাড়ীর ২/এ (২য় তলা-পূর্ব পার্শ্ব) নং ফ্ল্যাট এবং ৬৭/বি নং প্লটে নির্মিত বাড়ীর এ/৩ (৪র্থ উত্তর পার্শ্ব) নং ফ্ল্যাট প্রস্তাবিত ক্রেতাদের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট#২৩, রোড#৪, ফ্ল্যাট#১৩ (৫ম তলা-উত্তর-পূর্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রুমানা শাহীন স্বামী- শেখ মোহাম্মদ আলী ২৭/ঘ (নিলয়), বাবিবা অফিসার্স কোয়ার্টার, পুরাতন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা-১২১৫ তাং-০৯/১০/২০১৪ | হাজী মোঃ ফুল মিয়া প্লট#২৩, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | তাং- ১৭/৬/২০১৪ নং- ২৩.০১.৯০১. ৮০০.০৩.০২৯ .১০.১৭.০৬.১ ৪ | ০২/৭/২০১৪ তারিখের ঢাক্যাবো/ক্যা ঃবাঃএঃ/২৩/ ফ্ল্যাট নং-১৩ (৫ম তলা)/২০ | ফ্ল্যাটের আয়তন- ১৩৫০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই । বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৩ নং প্লটে নির্মিত বাড়ীর ১৩ (৫ম তলা-উত্তর-পূর্ব) নং ফ্ল্যাটের রেজিস্ট্রি দলিলমূলে ক্রেতা মিসেস রুমানা শাহীন, স্বামী- শেখ মোহাম্মদ আলী এর নামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ মহাখালী বাণিজ্যিক এলাকার ১ নং বাণিজ্যিক প্লটের ৭ শতাংশ জমি এবং পূর্বের ৩০ শতাংশ জমিসহ মোট ৩৭ শতাংশ জমি সেনাকল্যাণ সংস্থাকে ইজারা প্রদান প্রসংগে সেনা কল্যাণ সংস্থার ২৮/৯/২০১৪ তারিখের এসকেএস/১৪/৯৬/ আরইডি/১৪৮/৪৭ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২৫ এপ্রিল ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬ এর সিদ্ধান্তক্রমে ঢাকা সেনানিবাসস্থ মহাখালী বাণিজ্যিক ৭ নং প্লটের সম্মুখের ৩৭ শতাংশ জমির মধ্যে মামলার আওতাধীন 'সি' শ্রেণীভুক্ত ৭ শতাংশ জমি বাদ দিয়ে অবশিষ্ট ৩০ শতাংশ জমি ৪,০৯,১৪,০০০/-(চার কোটি নয় লক্ষ চৌদ্দ হাজার) টাকা প্রিমিয়াম এবং বার্ষিক ৪০,৯১,৪০০/- (চল্লিশ লক্ষ একানব্বই হাজার চারশত) টাকা খাজনায় ৩০ (ত্রিশ) বছরের জন্য সেনাকল্যাণ সংস্থাকে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২৩ জানুয়ারি ২০১৪ তারিখের ঢাক্যাবো/এলএ/১০/১৮৩ নং পত্রে বর্ণিত ৩০ (ত্রিশ) শতাংশ জমি সেনাকল্যাণ সংস্থাকে ইজারা প্রদানের নিমিত্তে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হয়। মহাখালী বাণিজ্যিক এলাকার ৭ নং প্লটের সম্মুখস্থ ১ নং বাণিজ্যিক প্লটের ৭ শতাংশ জমির বিষয়ে বরাদ্দ গ্রহীতা বেগম উম্মে কুলসুম (বাতিলকৃত) মহামান্য হাইকোর্টে ২৬৮/১৯৯৭ নং রীট পিটিশন দায়ের করেন এবং মাননীয় আদালত হতে নিষেধাজ্ঞা প্রাপ্ত হন। উপরোক্ত রীট পিটিশন মামলাটি গত ১৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মহামান্য হাইকোর্ট খারিজ করে দেন এবং উক্ত আদেশের বিরুদ্ধে বাদী পক্ষ মহামান্য সুপ্রীম কোর্টে ১০৪৯/২০১৪ নং সিএমপি মামলা দায়ের করেন। উভয় পক্ষের শুনানী অন্তে মহামান্য সুপ্রীম কোর্ট গত ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে উক্ত মামলাটিও খারিজ করে দেন। সেনাকল্যাণ সংস্থা মহাখালী বাণিজ্যিক এলাকার ১ নং বাণিজ্যিক প্লটের ৭ শতাংশ জমি জরুরী ভিত্তিতে ইজারা প্রদানের জন্য ২৮ সেপ্টেম্বর ২০১৪ তারিখের এসকেএস/১৪৯৬/ আরইডি/১৪৮/৪৭ নং পত্রে অত্র দপ্তরকে অনুরোধ জানায়। সরকার নির্ধারিত প্রতি শতাংশ ভিটি জমির মূল্য ২২,৭৩,০০০/- (বাইশ লক্ষ তিহাত্তর হাজার) টাকা হারে ৭ শতাংশ জমির মূল্য ১,৫৯,১১,০০০/- (এক কোটি উনষাট লক্ষ এগার হাজার) টাকা হয়। উক্ত মূল্যের উপর ৬% হারে বার্ষিক খাজনা ৯,৫৪,৬৬০/- (নয় লক্ষ চুয়ান্ন হাজার ছয়শত ষাট) টাকা এবং বার্ষিক খাজনার ১০ গুণ হারে ৯৫,৪৬,৬০০/- (পঁচানব্বই লক্ষ ছেচল্লিশ হাজার ছয়শত) টাকা প্রিমিয়াম হয়। অর্থাৎ ৩৭ শতাংশ জমির মোট প্রিমিয়াম (৪,০৯,১৪,০০০+৯৫,৪৬,৬০০) = ৫,০৪,৬০,৬০০/-(পাঁচ কোটি চার লক্ষ ষাট হাজার ছয়শত) টাকা এবং বার্ষিক খাজনা (৪০,৯১,৪০০+৯,৫৪,৬৬০) = ৫০,৪৬,০৬০/-(পঞ্চাশ লক্ষ ছেচল্লিশ হাজার ষাট) টাকা। ইতোমধ্যেই সেনাকল্যাণ সংস্থা কর্তৃক প্রিমিয়াম বাবদ ১,৬৩,৬৫,৬০০/-(এককোটি তেষট্রি লক্ষ পয়ষট্রি হাজার ছয়শত) টাকা অত্র দপ্তরে প্রদান করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে সরকার নির্ধারিত হারে প্রিমিয়াম ও বার্ষিক খাজনা পরিশোধে সেনাকল্যাণ সংস্থা কর্তৃক সম্মতি জ্ঞাপন সাপেক্ষে যা সেনাবাহিনীর সদস্য/পরিবারের সদস্যদের কল্যাণমূলক কাজে ব্যবহারের স্বার্থে সেনাকল্যাণ সংস্থাকে ৩০ বছরের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টার সম্মানী ভাতার হার বৃদ্ধিসহ চুক্তি ভিত্তিক নিয়োগের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২৫ মার্চ ২০০৭ তারিখের ৩/এমএলএন্ডসি/কন/১৬২-২/১৮০ নং পত্রের মাধ্যমে মাসিক ১০,০০০/-(দশ হাজার) টাকা সম্মানী ভাতা প্রদান সাপেক্ষে ০১ (এক) বছরের জন্য বেগম রেজিনা মাহমুদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োগ প্রদান করা হয়। পরবর্তীতে মেয়াদ উত্তীর্ণের পর বোর্ড সিদ্ধান্তের আলোকে কয়েক দফা মেয়াদ বৃদ্ধি করা হয়েছে। গত ১৭ অক্টোবর, ২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৩৮বিবিধ(৬) এর মাধ্যমে আইন উপদেষ্টার সম্মানী ভাতা মাসিক ১৫,০০০/-(পনের হাজার) টাকা ধার্য করা হয়। অদ্যাবধি তাঁকে উক্ত হারে সম্মানী ভাতা প্রদান করা হচ্ছে। আইন উপদেষ্টার মেয়াদ আগামী ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে উত্তীর্ণ হবে। বিস্তারিত আলোচনান্তে মাসিক ১৬,০০০/- (ষোল হাজার) টাকা সম্মানীতে ৩১ ডিসেম্বর, ২০১৫ তারিখ পর্যন্ত বেগম রেজিনা মাহমুদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আইন উপদেষ্টা হিসেবে নিয়োগের মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৬ঃ মহাখালী বাণিজ্যিক এলাকার ১ নং প্লট সংক্রান্ত বিষয়ে ২টি মামলার খরচ বাবদ ৭২,৫০০/- (বাহাত্তর হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মহাখালী বাণিজ্যিক এলাকার ৭ নং প্লটের সম্মুখস্থ ১ নং বাণিজ্যিক প্লটের ৭ শতাংশ জমির বিষয়ে বরাদ্দ গ্রহীতা বেগম উম্মে কুলসুম (বাতিলকৃত) মহামান্য হাইকোর্টে ২৬৮/১৯৯৭ নং রীট পিটিশন দায়ের করেন এবং মাননীয় আদালত হতে নিষেধাজ্ঞা প্রাপ্ত হন। উপরোক্ত রীট পিটিশন মামলাটি গত ১৭ সেপ্টেম্বর ২০১৪ তারিখে মহামান্য হাইকোর্ট খারিজ করে দেন এবং উক্ত আদেশের বিরুদ্ধে বাদী পক্ষ মহামান্য সুপ্রীম কোর্টে ১০৪৯/২০১৪ নং সিএমপি মামলা দায়ের করেন। উভয় পক্ষের শুনানী অন্তে মহামান্য সুপ্রীম কোর্ট গত ২৫ সেপ্টেম্বর ২০১৪ তারিখে উক্ত মামলাটিও খারিজ করে দেন। উল্লেখিত মামলা ২টির খরচ বাবদ অত্র দপ্তরের আইন উপদেষ্টা গত ১৪ অক্টোবর ২০১৪ তারিখে ১৬,৫০০/- টাকা ও ৫৬,০০০/- টাকা অর্থাৎ মোট ৭২,৫০০/- (বাহাত্তর হাজার পাঁচশত) টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত ৭২,৫০০/- (বাহাত্তর হাজার পাঁচশত) টাকার বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত বিল ঠ-৪-জ খাতে বরাদ্দকৃত বাজেট হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-১৭ঃ ঈদ-উল-আযহা উপলক্ষে শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের মাঠে পরিচালিত গরু-ছাগলের হাট হতে হাসিল বাবদ আদায়কৃত ১,০২,৪৫৮/- (এক লক্ষ দুই হাজার চারশত আটান্ন) টাকা আয় প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৬ সেপ্টেম্বর,২০১৪ তারিখের ৬০৪/১/এ নং পত্রের পরিপ্রেক্ষিতে পবিত্র ঈদুল আযহা উপলক্ষে ক্যান্টনমেন্ট বোর্ডের তত্ত্বাবধানে ১ অক্টোবর, ২০১৪ তারিখ হতে ০৫ অক্টোবর, ২০১৪ তারিখ পর্যন্ত শহীদ রমিজ উদ্দিন স্কুল মাঠে কোরবানীর পশুর হাট বসানো হয়। উক্ত হাটে বিক্রিত গবাদী পশুর বিক্রিত মূল্যের উপর ২% হারে হাসিল আদায়ের বিবরণ নিম্নরূপ ঃ-

| *ক্রমিক নং* | *বিক্রিত গরুন্/ছাগলের সংখ্যা* | *বিক্রয় মূল্য* | *বিক্রিত মূল্যের উপর ২% হারে হাসিলের পরিমান* |
|---|---|---|---|
| ১। | গরু- ১০৬ টি | ৫০,০১,০০০/-টাকা | ১,০০,০২০/-টাকা |
| ২। | খাসি- ১৫ টি | ১,২১,৯০০/- টাকা | ২,৪৩৮/- টাকা |
| | *মোট =* | *৫১,২২,৯০০/- টাকা* | *১,০২,৪৫৮/-টাকা* |

উল্লেখ্য যে, উক্ত টাকা ক্যান্ট-৪-বি রশিদের মাধ্যমে আদায় করে ক্যান্টঃ বোর্ড ফান্ডে জমা করা হয়েছে। বিস্তারিত আলোচনান্তে কর্তৃপক্ষের চাহিদার আলোকে আগামী ঈদ-উল-আযহায় আরো সুসংগঠিতভাবে গরু-ছাগলের হাট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ বাইতুস সুজুদ জামে মসজিদের (মিরপুর ডিওএইচএস এর ২ নং মসজিদ) মক্তব, এতীমখানা ও হেফজ বিভাগের জন্য জায়গা বরাদ্দের বিষয়ে অধ্যক্ষ, বাইতুস সুজুদ মসজিদ এর ১৬/১০/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ডিওএইচএস কমিটির সিদ্ধান্তমতে ডিওএইচএস এলাকায় এধরণের কোন শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা না করার সিদ্ধান্ত থাকায় আবেদনটি গ্রহণ করার যৌক্তিক কোন কারণ নাই। এছাড়া প্রতিরক্ষা বিভাগীয় ভূমি বরাদ্দের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট আবেদনকারীগণ আবেদন করতে পারেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী-১৯ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দকৃত বাসার বকেয়া ভাড়া আদায়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সামিরক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এবং সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর এর কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দকৃত নিম্নোক্ত বাসার ভাড়া দির্ঘদিন যাবৎ বকেয়া রয়েছে। উক্ত বাসার ভাড়া বকেয়া থাকার ফলে ইতোমধ্যেই অডিট আপত্তি উথাপিত হয়েছে। বকেয়া বাসা ভাড়া পরিশোধের জন্য বিভিন্ন সময়ে বিল, তাগিদ পত্র এবং মৌখিকভাবে অনুরোধ জানানো হয়।

| *ক্রঃ নং* | *বরাদ্দকারীর নাম* | *বাসা নং* | *মাসিক ভাড়ার পরিমান* | *বকেয়ার সময়* | *মোট বকেয়ার পরিমান* |
|---|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ শফিকুল ইসলাম, এসডিও (বর্তমানে চট্টগ্রাম এমইও-তে কর্মরত) | ৬৪/এ (৩য়তলা) | ১০৬৮৮/- | জুন, ২০১২ পর্যন্ত ২ বছর ৪ মাস | ১,৭৮,৪১৭/- |
| ২। | জনাব কাজী আফজাল হোসেন (প্রাক্তন ডিএডি ল্যান্ড) | ৬৪/এ (৩য়তলা) | ৪০৮১.৮৮ | জুন, ০৮ পর্যন্ত ২ বছর ৭ মাস | ১,২৮,৭৮৭/- |
| ৩। | জনাব মোঃ ইদ্রিস আহমেদ (এসডি ম্যান) এমইও | ২৬/ডি-৪ | ৫৩০/- | সেপ্টেম্বর, ১৪ পর্যন্ত ২ বছর ৩ মাস | ১৪,৩১০/- |
| ৪। | জনাব মোঃ শাহ আলম রেকর্ড কিপার, সাভূসে অধিদপ্তর | ৯৬ (নীচতলা) | ১১৭৬/- | সেপ্টেম্বর, ১৪ পর্যন্ত ১৭ বছর ১০ মাস | ১,১৬,৬৩৫/- |
| ৫। | জনাব মোঃ আমানউল্লাহ অফিস সহকারী, সাভূসে অধিদপ্তর | ৫২/এ | ৩৭৪৪/- | সেপ্টেম্বর, ১৪ পর্যন্ত ৪ মাস | ১৪,৯৭৬/- |
| ৬। | জনাব মোঃ সাইদুল ইসলাম ড্রাইভার, (সংযুক্ত এমইও) | ৮৭/১ (নীচতলা) | ৯০০/- | সেপ্টেম্বর, ১৪ পর্যন্ত ২ বছর ৬ মাস | ২৭,৮২৮/- |
| ৭। | জনাব মোঃ আবুল কালাম আজাদ অফিস সহায়ক, সাভূসে অধিদপ্তর | ৯৭/এ(২) | ২৮৫০/-(বাসা ভাড়ার ৬০% হারে) | সেপ্টেম্বর, ১৪ পর্যন্ত ৫ বছর, ৪ মাস | ১,৮৩,৬৭৬/- |

বিস্তারিত আলোচনান্তে ৩০ নভেম্বর, ২০১৪ তারিখের মধ্যে উল্লেখিত বকেয়া ভাড়া পরিশোধের জন্য চূড়ান্ত নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। অন্যথায় পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ রজনীগন্ধা টাওয়ার এর কিউএমজি কোটায় বরাদ্দকৃত ২য় তলার ৩১ নং দোকানের সালামীর টাকা পরিশোধের বিষয়ে মিসেস উলফাত আরা, স্বামী- মরহুম লেঃ কর্ণেল ফজলে হোসেন এর ১৬/১০/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বেগম উলফাত আরা, স্বামী-মরহুম লেঃ কর্ণেল ফজলে হোসেন এর ৭ জুন ২০১২ তারিখের আবেদনের প্রেক্ষিতে ২৭ জুন ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ২১ বিবিধ ১৩ নং আলোচ্যসূচীতে রজনীগন্ধা টাওয়ারের ২য় তলার ৩১ নং দোকানটি কিউএমজি শাখার নির্দেশনা অনুসারে কিউএমজি কোটায় তলাভিত্তিক প্রাপ্ত সর্বনিম্ন দরের ২৫% সালামীতে ৭,০২,১৯৭/- টাকায় বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। তদানুযায়ী অত্র দপ্তরের ০৯ সেপ্টেম্বর ২০১২ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/২য়তলা-৩১/০৭ নং পত্রের মাধ্যেমে ০৮ কিস্তিতে উক্ত সালামীর টাকা নিম্নোক্তভাবে পরিশোধ করার জন্য অনুরোধ করা হয় ঃ-

| ক্র/নং | কিস্তি | সালামীর পরিমান | পরিশোধের তারিখ |
|---|---|---|---|
| ১। | ১ম কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩১/১০/২০১২ |
| ২। | ২য় কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩১/১২/২০১২ |
| ৩। | ৩য় কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ২৮/০২/২০১৩ |
| ৪। | ৪র্থ কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩০/০৪/২০১৩ |
| ৫। | ৫ম কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩০/০৬/২০১৩ |
| ৬। | ৬ষ্ঠ কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩১/০৮/২০১৩ |
| ৭। | ৭ম কিস্তি | ৮৭,৭৭৫.০০ | ৩১/১০/২০১৩ |
| ৮। | ৮ম কিস্তি | ৮৭,৭৭২.০০ | ৩১/১২/২০১৩ |

নির্ধারিত কিস্তির টাকা যথাসময়ে পরিশোধ না করায় ক্যান্টনমেন্ট বোর্ডের ১০ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ঢাক্যাবো/রঃগঃসুঃমাঃ/রঃটাঃ/২য় তলা-৩১/০৮ নং পত্রে সালামীর টাকা পরিশোধ করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। উল্লেখ্য যে, তিনি অদ্যাবধি কোন কিস্তির টাকাই পরিশোধ করেননি এবং গত ১৬ অক্টোবর, ২০১৪ তারিখের এক আবেদনে দোকান ভাড়া হওয়ার পর কিস্তিতে সালামীর টাকা পরিশোধের অনুমতি চান। বিস্তারিত আলোচনান্তে আবেদনকারীর পারিবারিক্ক অবস্থা ও বিশেষ বিবেচনায় দোকান হস্তান্তর করার সিদ্ধান্ত গৃহীত হলো। দোকান হস্তান্তরে পরবর্তী ০৮ মাসে ০৮টি সমহার কিস্তিতে তিনি টাকা পরিশোধ করবেন এবং তৎপরবর্তীতে দোকান বরাদ্দ সংক্রান্ত ইজারা চুক্তি সম্পাদন হবে। উক্ত সময়ের ভাড়া ও অন্যান্য বিল নির্ধারিত হারে তিনি প্রদান করবেন, এ শর্তে অঙ্গীকারবদ্ধ হবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২১ঃ রজনীগন্ধা টাওয়ার ১ম তলার ১৭ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত রজনীগন্ধা টাওয়ারের ১ম তলা-১৭ নং দোকানটি প্রতি বর্গফুট ২২,৫৫১/- টাকা হারে জনাব আরঙ্গজেব সিদ্দিকী (নান্নু) মোট ৩১,২১,২৮৩.৯১ টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। ইতোমধ্যেই তিনি সালামীর সমুদয় অর্থ পরিশোধ করেছেন। আর্থিক প্রয়োজনে উক্ত দোকানটির পজেশন জনাব কাজল আহম্মেদ, পিতা-মরহুম হাফেজ জালাল উদ্দিন, বাড়ী নং-৪২, রোড নং-১/এ, ব্লক-আই, বনানী, ঢাকা এর নিকট হস্তান্তর করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে ২৯ সেপ্টেম্বর ২০১৪ তারিখে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলা-১৬ নং দোকান হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে বেগম ফারজানা রহমান এর ২০/১০/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্সের ২য় তলার-১৬ নং দোকানটি প্রতি বর্গফুট ১৮,৬২০/- টাকা হারে বেগম ফারজানা রহমান, পিতা- মোঃ আবুল কালাম মোট ২৩,৯২,৬৭০ টাকার সর্বোচ্চ দর দাখিল করেন। ইতোমধ্যেই তিনি সালামী বাবদ ০২ কিস্তিতে মোট ৫,৯৮,১৬৮/-টাকা পরিশোধ করেছেন। আর্থিক প্রয়োজনে দোকানটি বেগম ওয়াহিদা রহমান, স্বামী-এনায়েতুল বারী চৌধুরী, বাড়ী নং-৬৮/ই (৪র্থ তলা), রোড নং-৬, ঢাকা ক্যান্টনমেন্ট এর নিকট হস্তান্তর করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে ২০ অক্টোবর ২০১৪ তারিখে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় ফি পরিশোধ সাপেক্ষে হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৩ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর জেনাঃ মোঃ জাহিদুর রহমান, পিএসসি, জি+ | ৭১৫ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২। | ক্যাপ্টেন এ এফ এম সাইদুজ্জামান (জি), পিএসসি, বিএন | ৭৯৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ৩। | (ক) আকিলা রাইদা আহমেদ<br>(খ) রাকীন আহমেদ<br>সর্বপিতা-মরহুম শহীদ মেজর জেনাঃ শাকিল আহমেদ | ৯৩৮ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪। | (ক) মেজর মোঃ ওয়াহিদ (অবঃ)<br>(খ) লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আতিকুর রহমান | ৯৪৬<br>৯৪৮ | মিরপুর ডিওএইচএস | | বেজমেন্ট ও ০৭ তলা নতুন ভবন |
| ৫। | ব্রিগেঃ জেনাঃ মোঃ হাবিবুর রহমান | ৯৬১ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ৬। | ব্রিগেঃ জেনাঃ মোঃ আনিসুজ্জামান ভূইয়া, এনডিসি, পিএসসি | ১০২০ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ৭। | লেঃ কর্ণেল মোঃ আবু তাসনিম | ১১৯৬ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ৮। | (ক) শামীমা পারভিন<br>স্বামী-শহীদ মেজর হুমায়ুন হায়দার<br>(খ) উর্শিয়া আমব্রিন<br>পিতা- শহীদ মেজর হুমায়ুন হায়দার | ১২১৪ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ৯। | লেঃ কর্ণেল অধিকারী কালিপদ (অবঃ) | ১২৭৩ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১০। | এয়ার কমডোর আবুল বাশার,এনডিসি, পিএসসি | ১২৮৯ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১১। | (ক) আইরিন সুলতানা<br>স্বামী-শহীদ মেজর মাহমুদুল হাসান<br>(খ) যারীন তাসনিম মাহমুদ<br>(গ) মোঃ মোহাইমিনুল হাসান<br>পিতা-শহীদ মেজর মাহমুদুল হাসান | ১৩০৫ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১২। | ব্রিগেঃ জেনাঃ হাবিবুর রহমান কামাল, পিএসসি | ১৩০৮ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১৩। | লেঃ কর্ণেল মোঃ রেজাওয়ানুর হক (অবঃ) | ১৩২৮ | মিরপুর ডিওএইচএস | | ০৭ তলা নতুন ভবন |
| ১৪। | কর্ণেল এস এম আমির হোসেন | ১৭৫ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলার উপর ০৭ তলা |
| ১৫। | (ক) মোঃ সাইদুল ইসলাম খান<br>(খ) মোঃ কেফায়েত আলী | ৩৩২ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলার উপর ০৭ তলা |
| ১৬। | গ্রুপ ক্যাপ্টেন এস এম দেলওয়ার হোসেন (অবঃ) | ৪৯২/১ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলার উপর ০৭ তলা |
| ১৭। | কাজী রাশিদা ইসলাম | ৪৭২ | মহাখালী ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন (পুরাতন ০৪ তলা ভেঙ্গে) |
| ১৮। | মিসেস জাহানারা আনসার গং | ০৬ | বনানী ডিওএইচএস | | পুরাতন ০১তলা ভবন ভেঙ্গে বেজমেন্টসহ ০৭ তলা নতুন ভবন |
| ১৯। | মিসেস আয়েশা হোসেন<br>স্বামী-মেজর মোঃ আনোয়ার হোসেন (অবঃ) | সিবি-২৭৯/২ | কচুক্ষেত পুরান বাজার | | পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ০৫ তলা ভবন নির্মাণ (বিমান সদর, পূর্ত পরিদপ্তরের ২৯/০১/১৩ তারিখের ৫৯ক নং পত্রের শর্ত সাপেক্ষে ০৫ তলা ভবন নির্মাণের ছাড়পত্র প্রদান করা হয়েছে) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ থেকে ১৩ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৩টি প্লট, ক্রমিক নং-১৭ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ০১টি প্লট, ক্রমিক নং-১৮ এ বর্ণিত বনানী ডিওএইচএস এর ০১টি প্লট এবং ক্রমিক নং-১৯ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ০১টি প্লটসহ মোট ১৬টি প্লটে ০৫(পাঁচ)/০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১৪, ১৫ ও ১৬ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ০৩(তিন)টি নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| *ক্রমিক নং* | *কাজের নাম* | *মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)* | *ব্যয়ের খাত* |
|---|---|---|---|
| ১। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৩টি রুমের দরজা সংস্কার ও মেরামত কাজ। | ২,৪২,৯৪৭/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ২। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪/এ নং ও ৫ নং রোডের ড্রেন নির্মাণ। | ৫,৯০,০০০/- | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিবিধ তহবিল |

| | | | |
|---|---|---|---|
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি (নিচতলা) মেরামত ও রংচুনার কাজ। | ৫৭,১৬৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৪। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ স্টাফ কোয়ার্টার ইউনিট-১ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৬১,৮৮৪/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| ৫। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-২৮ এর রাস্তা কার্পেটিংকরণ। | ৩২,৩১,৯৩৮/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল/বিবিধ তহবিল/বোর্ডের স্থানীয় আয় |
| ৬। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-২৯ এর রাস্তা কার্পেটিংকরণ। | ২৪,৮৬,১০৬/- | -ঐ- |
| ৭। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮ এর রাস্তা কার্পেটিংকরণ। | ২৭,৬২,৩৪০/- | -ঐ- |
| ৮। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৯ এর রাস্তা কার্পেটিংকরণ। | ২৯,০০,৪৫৭/- | -ঐ- |
| ৯। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৪০ এর রাস্তা কার্পেটিংকরণ। | ২৯,০০,৪৫৭/- | -ঐ- |
| ১০। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮/এ এর রাস্তা কার্পেটিংকরণ। | ২৩,২০,৩৬৬/- | -ঐ- |
| ১১। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮/বি এর রাস্তা কার্পেটিংকরণ। | ১১,০৪,৯৩৬/- | -ঐ- |
| ১২। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৩৮/সি এর রাস্তা কার্পেটিংকরণ। | ১১,০৪,৯৩৬/- | -ঐ- |
| ১৩। | মিরপুর ডিওএইচএস এলাকার ৩য় ধাপের রোড নং-৪৪ এর রাস্তা কার্পেটিংকরণ। | ৩০,৩৮,৫৭৪/- | -ঐ- |
| ১৪। | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৪৫ এর কার্পেটিংকরণ কাজ। | ২৪,৪৩,৯৬৯/- | -ঐ- |
| ১৫। | মিরপুর ডিওএইচএস এর রোড নং-৪৬ এবং ৪৭ এর কার্পেটিংকরণ কাজ। | ২৬,১৮,৫৩৬/- | -ঐ- |
| ১৬। | মিরপুর ডিওএইচএস এর কবরস্থান সংলগ্ন বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ৯,৪৬,৩০৫/- | -ঐ- |
| ১৭। | শহীদ সরণির রাস্তার দূর্ঘটনা রোধকল্পে যানবাহনের গতিমাত্রা নির্ণয়ের জন্য স্পীড চেক গান/রার্ডার এবং পোর্টেবল স্পীড ব্রেকার সরবরাহ ও স্থাপন। | ২৬,৪০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৮। | আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এবং সেনাকুঞ্জের সামনে আরসিসি রোড ডিভাইডার উভয় পার্শ্বে এ্যালমুনিয়াম শীটের রিফ্লেকটিভ হানিকম্ব টেপ সরবরাহ ও স্থাপন। | ৫,৫০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ১৯। | শহীদ সরণির ১৩ এমপির নিয়ন্ত্রিত এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে এসএস পাইপের ৫০টি সাইন পেন্টিং বোর্ড সরবরাহ ও স্থাপন। | ৯,৬২,৫০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ২০। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ফুটপাতের পূর্ব ও পশ্চিম পার্শ্বে সৌন্দর্য বর্ধনের জন্য ভিটি মাটি ভরাটকরণ ও ঘাস লাগানো কাজ। | ২৭,৫৩,১৮৯/- | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং- ১, ৩ ও ৪ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। ক্রমিক নং-১৭ এর বিষয়ে এমপি ইউনিট কর্তৃক স্টেশন সদর দপ্তরে ক্রয়ের যৌক্তিকতা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীহ হলো। স্টেশন সদর দপ্তর হতে অনাপত্তি পাওয়া সাপেক্ষে দরটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে মূল্যানুমান অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের মুসল্লিদের জুতা রাখার জন্য প্লাষ্টিকের বক্স সরবরাহকরণ। | - | মেসার্স আমিন ব্রাদার্স | ৬০,০০০/- | মসজিদের নৈমিত্তিক খাত |
| ২। | ঈদ-উল-আযহা-২০১৪ এর নামাজের ম্যাট ও চাদর সরবরাহ কাজ। | - | নিউ কাকলি ডেকোরেটর | ১,২৯,৫০০/- | মসজিদের নৈমিত্তিক খাত |
| ৩। | ০১ বৈশাখ ১৪২১ উদযাপন উপলক্ষ্যে সাজসজ্জাকরণ। | ৪,০০,০০০/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ৪,১৮,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | ডিএমএলএন্ডসি অফিসের ০২টি গেস্টরুম, বারান্দা ও সিঁড়ি ঘরের সংস্কার ও মেরামত কাজ। | ৩,৮৭,০৭৭/- | মেসার্স মনির এন্ড কোং | ৩,৯০,৯৪৭/৭৭ | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | মিরপুর ডিওএইচএস এর অফিস কাম শপিং কমপ্লেক্স এর ক্রুশিয়ার প্রিন্টকরণ। | ৩,৭৫,০০০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ | ৩,৭৭,৮১২/৫০ | মিরপুর ডিওএইচএস মার্কেট ফান্ড |
| ৬। | আর্মি এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী রিফ্লেকটিভ হানিকম্ব টেপ, সিমেন্টের রিং ব্লক ও বিভিন্ন নির্দেশাবলী সম্বলিত ৪০টি সাইনবোর্ড সরবরাহ ও স্থাপন কাজ। | ৯,০০,০০০/- | মেসার্স সাকিব এন্টারপ্রাইজ | ৯,৪০,৫০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৭। | ঢাকা সেনানিবাসের শহীদ মোস্তফা কামাল লেন ও মিরপুর ডিওএইচএস এলাকায় শিশুপার্কে আধুনিক খেলনা সামগ্রী স্থাপন কাজ। | ৩১,২০,০০০/- | ক্রিয়েটিভ ইঞ্জিনিয়ার্স লিঃ | ৩১,২০,০০০/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৮। | সিগন্যাল গেইট হতে বি এ এফ কুর্মিটোলা গোল চত্বর রোড পর্যন্ত রাস্তার উভয় পার্শ্বে আন্ডারগ্রাউন্ড ক্যাবল এবং বিশেষ ধরণের পোল দ্বারা নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ৪২,৭৮,৪২০/- | এম আর ট্রেড লিংক | ৪৪,৮৮,০৬২/- | অনুদান |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত অবশিষ্ট কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ ও ২ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৬ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নকশা তৃতীয় পক্ষ কর্তৃক ভেটিংকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নকশা প্রস্তুতের জন্য গত ২৭ মার্চ ২০১৪ তারিখে ইনডিজিনিয়াস এর সাথে চুক্তিপত্র সম্পাদিত হয়। চুক্তিপত্রের অনুচ্ছেদ-৩ এর (সি)(i) (ii) (iii) এ সম্পূর্ণ নকশার কারিগরী মূল্যায়ন সনামধন্য স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার কর্তৃক ভেটিং করার বিষয় উল্লেখ রয়েছে, যা অদ্যাবধি সম্পন্ন করা হয়নি। উল্লেখ্য যে, গত ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখে এমআইএসটিতে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ-৬ এর মাধ্যমে উক্ত নকশার কারিগরী মূল্যায়ণ এমআইএসটি কর্তৃক সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়, যা এমআইএসটির ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ২৩.১২.০৯০২.০০৩.০০.০৩৪.১৪ নং পত্রের মাধ্যমে জানানো হয়েছে। বিস্তারিত আলোচনান্তে এমআইএসটি এর মাধ্যমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর নকশা ভেটিং করানোর সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় চুক্তিপত্রের শর্তানুযায়ী সংশ্লিষ্ট কনসালটেন্ট কর্তৃক বহন করা হবে।

আলোচ্যসূচী-২৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিদ্যুৎ শাখার পিক-আপ নং-ঢাকা মেট্রো-ঠ-১১-১০৪ এর জন্য রহিম আফরোজ কোম্পানী লিঃ হতে কোম্পানীর নির্ধারিত মূল্যে ০২টি টায়ার (AI 6.5-014 8PR) মোট ১৭,৫০০/- টাকায় ক্রয়করণ প্রসংগে। উল্লেখ্য যে, উক্ত ব্যয় বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত (ঙ-২-খ) হতে সংকুলান করা যেতে পারে।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে কোম্পানীর নির্ধারিত দরে রহিম আফরোজ লিঃ হতে ০২টি টায়ার (AI 6.5-014 8PR) ক্রয়ের নিমিত্তে ১৭,৫০০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যসূচী-২৮ঃ স্টাফ রোড টি ক্রস এলাকায় স্বয়ংক্রিয় (বৈদ্যুতিক) ট্রাফিক লাইট পোস্টের সাথে অতিরিক্ত ভার্টিক্যাল লাইট সংযোজনকরণ প্রসংগে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ১২ অক্টোবর, ২০১৪ তারিখের ০১৫৮/৯২/অপস নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২৯ঃ আর্মি এমপি ইউনিটের জন্য একটি নতুন রিপিটার স্টেশন ক্রয়ের নিমিত্তে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ২৫ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ২০১/সিগন্যাল নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে আর্মি এমপি ইউনিটের জন্য একটি নতুন রিপিটার ক্রয়/সরবরাহ স্ব স্ব ইউনিটের নিজস্ব বাজেট হতে ক্রয়ের নিমিত্তে প্রস্তাবটি অনুমোদন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। রিপিটার স্টেশন ইউনিট ইকুইপমেন্ট এবং একই ইকুইপমেন্ট নেভী ও বিমান বাহিনীও ব্যবহার করছে, যা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ক্রয় করা প্রচলিত নিয়মের পরিপন্থী বিধায় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হলো না।

আলোচ্যসূচী-৩০ঃ রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদে পরিচালিত মাদ্রাসার কমিটি পুনঃগঠনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ৩০/৬/২০১১ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদে অবস্থিত মোহম্মদিয়া আরাবিয়া হাফিজিয়া মাদ্রাসা ও এতিমখানা পরিচালনার নিমিত্তে ০৮(আট) সদস্য বিশিষ্ট এডহক কমিটি গঠন করা হয়। কমিটির মেয়াদ ইতোমধ্যে ০৩(তিন) বছর অতিক্রান্ত হওয়ায় উক্ত কমিটি পুনর্গঠন করা প্রয়োজন বলে সভায় মত প্রকাশ করা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রতি ০২ (দুই) বছর মেয়াদে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে পূর্বের কমিটি বাতিলপূর্বক নিম্নবর্ণিতভাবে নতুন মসজিদ কমিটি ০২ (দুই) বছর মেয়াদে গঠনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট | -- | সভাপতি |
| (২) | ১ × প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | ২× সদস্য, রজনীগন্ধা সুপার মার্কেট কমিটি। (বাজার কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত)। | -- | সদস্য |
| (৫) | ১× মাদ্রাসার শিক্ষক প্রতিনিধি | -- | সদস্য |
| (৬) | ১× মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্রদের অভিভাবক | -- | সদস্য |
| (৭) | ইমাম, রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ। | -- | সদস্য-সচিব। |

আলোচ্যসূচী-৩১ঃ ঢাকা সেনানিবাসের ভূমি জরিপ সম্পাদন ও সীমানা পিলার স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে এমইএস এর সাথে সমন্বয় করে ঢাকা সেনানিবাসের ডিজিটাল ভূমি জরিপ ও সীমানা পিলার স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩২ঃ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তার চেম্বার বরাদ্দ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ডাক্তার চেম্বার উন্মুক্ত দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের জন্য নিম্নবর্ণিতভাবে কমিটি গঠন করা হলোঃ-

| | | | |
|---|---|---|---|
| (১) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সভাপতি |
| (২) | ১× প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | ১ × প্রতিনিধি, সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টঃ বোর্ড জেনাঃ হাসপাতাল। | -- | সদস্য |
| (৪) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি দরপত্র যাচাই-বাছাই করে বোর্ডের অনুমোদনের জন্য সুপারিশ করবে।

আলোচ্যসূচী-৩৩ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ কর্তৃক চাহিদাকৃত উন্নয়নমূলক কাজের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বারিধারা ডিওএইচএস পরিষদ হতে চাহিদাকৃত বিভিন্ন কাজের বিষয়টি সভায় উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে বিভিন্ন চাহিদার বিপরীতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| প্রস্তাব | গৃহীত সিদ্ধান্ত |
|---|---|
| (ক) বারিধারা ডিওএইচএস ৫ নং লেনের পশ্চিম পাশের শেষ দিকে গাড়ী পার্কিংয়ের জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ। | উক্ত হার্ডস্ট্যান্ড নির্মাণের জন্য ৮,৩৪,০০৩/- টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত ব্যয় বারিধারা ডিওএইচ তহবিল/বোর্ডের স্থানীয় আয় হতে সংকুলান করা যেতে পারে। |
| (খ) বারিধারা ডিওএইচএস এর মধ্যকার প্রধান সড়ক, স্কুল গেইট হতে বারিধারা গেইট পর্যন্ত কার্পেটিং/মেরামত করণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। | রাস্তাটির বর্তমান অবস্থা মোটামোটি ভাল। পরবর্তীতে গর্ত হলে তা মেরামতের জন্য ফান্ড প্রাপ্তি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| (গ) বারিধারা ডিওএইচএস এর সিকিউরিটি গার্ড ব্যারাকের উত্তর পাশে বাউন্ডারী (কংক্রিট) ওয়াল নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। | ফান্ড প্রাপ্তি সাপেক্ষে কাজটি সম্পন্ন করা হবে। |
| (ঘ) বারিধারা ডিওএইচএস (বিএসআই) স্কুলের পূর্ব পার্শের ফুটপাত হতে স্কুল গেইট পর্যন্ত ব্রিক সলিংকরণ প্রসংগে। | ফান্ড প্রাপ্তি সাপেক্ষে কাজটি সম্পন্ন করা হবে। |
| (ঙ) বারিধারা ডিওএইচএস হতে অনন্যা-বারিধারা গেইটের পূর্বাংশে বিদ্যমান বাউন্ডারী ওয়ালটি নিচু থাকায় তা উঁচুকরণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। | বাজেটে ধরা হয়েছে। বাজেটে অর্থ প্রাপ্তি সাপেক্ষে সম্পন্ন করা হবে। |
| (চ) বারিধারা ডিওএইচএস এর স্কুল গেইট থেকে ট্রানজিট ক্যাম্প রেল ক্রসিং পর্যন্ত স্ট্রীট লাইটসহ ফুপাত নির্মাণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। | জমিটি ক্যান্টনমেন্ট বোর্ডের জমি নয় বিধায় কাজটি ক্যান্টনমেন্ট বোর্ডের এখতিয়ার বহির্ভূত। |
| (ছ) বারিধারা কনভেনশন সেন্টার সংলগ্ন এলাকায় স্ট্রীট লাইট ও অন্যান্য লাইট স্থাপন প্রসংগে। | নিয়মিত কাজের আওতায় প্রকৌশল শাখা হতে কাজ সম্পন্ন করবে। |
| (জ) বারিধারা ডিওএইচএস এলাকায় স্থাপিত স্ট্রীট লাইটগুলি সচল রাখা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। | নিয়মিত কাজের আওতায় প্রকৌশল শাখা হতে কাজ সম্পন্ন করবে। |

বিষয়টি ডিওএইচএস পরিষদকে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-৩৪ঃ সশস্ত্র বাহিনী দিবস, ২০১৫ উপলক্ষে পার্কিং এলাকার উন্নয়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মূল্যানুমান প্রস্তুত করে জরুরী ভিত্তিকে কার্য সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক লিঃ এর ভল্ট এর লে-আউট/নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবিত ভল্টের নকশা বাংলাদেশ ব্যাংক/যথাযথ ব্যাংক কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৬ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ জনতা ব্যাংক লিঃ এর ভাড়া চুক্তি মেয়াদ নবায়নের বিষয়ে জনতা ব্যাংক লিঃ এর ১৫ অক্টোবর, ২০১৪ তারিখের রজনীগন্ধা/এআর/ভাড়াচুক্তি/২০১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটস্থিত ৩,৩৩৯ বর্গফুট আয়তন বিশিষ্ট ভবনটি প্রতি বর্গফুট ৪০/- টাকা হিসেবে ০১ জুলাই ২০১২ তারিখ হতে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ০৩ বছরের জন্য মাসিক ১,৩৩,৫৬০/- টাকায় জনতা ব্যাংক লিঃ, রজনীগন্ধা সুপার মার্কেট শাখার নিকট ভাড়া প্রদান করা হয়েছে। উক্ত ভবনের ভাড়া সেপ্টেম্বর ২০১৪ তারিখ পর্যন্ত পরিশোধ আছে। ব্যাংক কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে আপাততঃ ৩০ জুন, ২০১৭ পর্যন্ত ভাড়ার মেয়াদ বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ৩০ জুন, ২০১৫ এর হতে ২০ জুন, ২০১৭ পর্যন্ত সময়ের মাসিক ভাড়ার হার পরবর্তীতে ধার্য করা হবে।

আলোচ্যসূচী-৩৭ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২৪টি দোকান/স্পেস ইজারার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস এ নির্মাণাধীন অফিস-কাম-শপিং কমপ্লেক্স এর ১১০ টি দোকান/স্পেস ইজারার নিমিত্তে দৈনিক প্রথম আলো, দৈনিক যুগান্তর ও দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২২ অক্টোবর, ২০১৪ তারিখে দরপত্র আহ্বান করা হয়। নির্ধারিত তারিখে তলা ভিত্তিক মোট ২৪ টি দোকান/স্পেস এর বিপরীতে মোট ৩৯ টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত ২৪ টি দোকানের মধ্যে ৮ম তলার ৮ এবং ১০ নং দোকান ০২টি ইতোমধ্যে ইজারা প্রদান করা হয়েছে। উল্লেখ্য যে, দরপত্র সিডিউলে উক্ত দোকান ০২ টির নম্বর ছিল না। ফলে কমিটি কর্তৃক দরপত্র ০২ টি বাতিল করা হয়েছে। অবশিষ্ট দরপত্র গুলি যাচাই-বাছাই কমিটি কর্তৃক গ্রহণ করা হয়। প্রাপ্ত দরসমূহ নিম্নে প্রদত্ত হলো ঃ

| ক্র/নং | দর দাতার নাম ও ঠিকানা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | সরকারী দর প্রতি বর্গফুট | উদ্ধৃত দর | | প্রাপ্ত দরপত্র |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | প্রতি বর্গফুট | মোট টাকা | |
| ১) | কমাঃ এম এ গফফার, বিএন (অবঃ) | ১ম তলা-৪১ | ১৬২.৬৭ | ১৭০০০/- | ২২০৫০/- | ৩৫৮৬৮৭৩.৫০ | ০৪ টি |
| ২) | জনাব মোহাম্মদ জাভেদ | ৩য় তলা-২৬ | ২০৯.৬৭ | ১৫০০০/- | ২০৬৫১/- | ৪৩২৯৮৯৫.১৭ | ০৫ টি |
| ৩) | জনাব মোঃ আব্দুল্লাহ আল কাফী | ৪র্থ তলা-১৩ | ২০১.২৬ | ১৪৫০০/- | ২২৫০০/- | ৪৫২৮৩৫০.০০ | ০২ টি |
| ৪) | জনাব মোঃ হাছির | ৪র্থ তলা-১৭ | ১২৮.৫০ | ১৪৫০০/- | ১৭০০০/- | ২১৮৪৫০০.০০ | ০১ টি |
| ৫) | জনাব খালেদ সালাহ উদ্দিন মীর | ৫ম তলা-১৪ | ১০১.৬৯ | ১৪০০০/- | ১৪২৫১/- | ১৪৪৯১৮৪.১৯ | ০১ টি |
| ৬) | জনাব খালেদ সালাহ উদ্দিন মীর | ৫ম তলা-১৯ | ১১০.২০ | ১৪০০০/- | ১৪২৫১/- | ১৫৭০৪৬০.২০ | ০১ টি |
| ৭) | জনাব জাফরুল ইসলাম | ৫ম তলা-২৬ | ২০৯.৬৭ | ১৪০০০/- | ১৬৫০০/- | ৩৪৫৯৫৫৫.০০ | ০৩ টি |
| ৮) | বেগম সালমা আকতার | ৫ম তলা-২৬/এ | ৮৭.৩২ | ১৪০০০/- | ১৪৫০০/- | ১২৬৬১৪০.০০ | ০১ টি |
| ৯) | ১। জনাব মোঃ মাহবুবুর রহমান<br>২। এস এম মোর্শেদ আলম | ৬ষ্ঠ তলা-২১ | ১২৮.৫০ | ১২০০০/- | ১২৩০০/- | ১৫৮০৫৫০.০০ | ০১ টি |
| ১০) | বেগম রওনক জাহান | ৬ষ্ঠ তলা-২২ | ১২৮.৫০ | ১২০০০/- | ১২৩০০/- | ১৫৮০৫৫০.০০ | ০১ টি |
| ১১) | জনাব মোঃ লুৎফুল হাকিম | ৬ষ্ঠ তলা-২৪ | ১২৮.৫০ | ১২০০০/- | ১২৩০০/- | ১৫৮০৫৫০.০০ | ০১ টি |
| ১২) | লেঃ জেনারেল মোঃ মইনুল ইসলাম | ৬ষ্ঠ তলা-২৬ | ২০৯.৬৭ | ১২০০০/- | ১২০৫০/- | ২৫২৬৫২৩.৫০ | ০১ টি |
| ১৩) | অপটিম্যাক্স কমিউনিকেশন লিঃ | ৭ম তলা-১৩ | ২০১.২৬ | ১২০০০/- | ১২০০৫/- | ২৪১৬১২৭.০০ | ০১ টি |
| ১৪) | ম্যাঙ্গ লজিস্টিক্স<br>মালিক-জনাব মোঃ জাফরুল ইসলাম | ৭ম তলা-২৮ | ২৩৬.৮১ | ১২০০০/- | ১৩০০০/- | ৩০৭৮৫৩০.০০ | ০১ টি |
| ১৫) | ৯ বি এম এ লং কোর্স সমবায় সমিতি (টিম-৯) | ৮ম তলা-৩ | ১৪১.২৩ | ১২০০০/- | ১৩৮৫০/- | ১৯৫৬০৩৬.০০ | ০১ টি |
| ১৬) | ৯ বি এম এ লং কোর্স সমবায় সমিতি (টিম-৯) | ৮ম তলা-৪ | ১৯৬.৫৬ | ১২০০০/- | ১৩২৯৯/- | ২৬১৪০৫২.০০ | ০১ টি |
| ১৭) | বেগম বুশরা নূর | ৮ম তলা-৫ | ১৫৯.৮২ | ১২০০০/- | ১৭৬৫২/- | ২৮২১১৪২.০০ | ০৫ টি |
| ১৮) | জনাব মোঃ আরিফ হোসেন | ৮ম তলা-৮ | ১৪৩.৬৬ | ১২০০০/- | ১২৫০২/- | ০০.০০ | দোকানটি ইতোপূর্বে বরাদ্দ প্রদান করা হয়েছে বর্তমান সিডিউলে নেই। |
| ১৯) | জনাব মোঃ মাহবুবুল আলম | ৮ম তলা-৯ | ১৪৩.৬৬ | ১২০০০/- | ১৭২৫৬/- | ২৪৭৮৯৯৬.৯৬ | ০১ টি |
| ২০) | জনাব ফাহাদ বিন মাহবুব | ৮ম তলা-১০ | ১১১.৩১ | ১২০০০/- | ১৬৭০১/- | ০০.০০ | দোকানটি ইতোপূর্বে বরাদ্দ প্রদান করা হয়েছে বর্তমান সিডিউলে নেই। |
| ২১) | জনাব মীর সাব্বির মাহমুদ | ৮ম তলা-১৪ | ৩০০.০০ | ১২০০০/- | ১২৮০০/- | ৩৮৪০০০০.০০ | ০২ টি |
| ২২) | জনাব সাহিদ জামিল | ৯ম তলা-০১ | ১৭৮.৭৮ | ১২০০০/- | ১২৭৫০/- | ২২৭৯৪৪৫.০০ | ০১ টি |
| ২৩) | জনাব আশফাকুল হক দীপ | ৯ম তলা-০৮ | ১৪৮.৯০ | ১২০০০/- | ১৪৪২২/- | ২১৪৭৪৩৬.০০ | ০১ টি |
| ২৪) | মির্জা ইলিয়াস উদ্দিন আহম্মদ | ৯ম তলা-১৩ | ২০১.২১ | ১২০০০/- | ১২৮০০/- | ২৫৭৫৪৮৮.০০ | ০১ টি |

বিস্তারিত আলোচনান্তে কমিটির সুপারিশের প্রেক্ষিতে উপরোক্ত দোকানসমূহের মধ্যে ক্রমিক নং ১৮ এবং ক্রমিক ২০ ব্যতীত (দোকান ০২ টি ইতোমধ্যে ইজারার প্রদান করা হয়েছে বিধায়) অন্যান্য দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৩৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে তালিকাভুক্ত ডেভলোপার প্রতিষ্ঠান দি পূর্ব লিঃ কর্তৃক মিরপুর ডিওএইচএস এর ৬৮৮ নং প্লটের বিপরীতে জমাকৃত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা জামানত ফেরত প্রদানের বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ১৮ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, দি পূর্বা লিঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্ত ডেভেলপার প্রতিষ্ঠান। অত্র দপ্তরের ২৮/৮/২০১২ তারিখের ঢাক্যাবো/ডেভেঃ/দিঃপূঃলিঃ/৩৬ নং পত্রের পরিপ্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠান ০২ সেপ্টেম্বর ২০১২ তারিখের আবেদনের সাথে ০১৪২৫৭০ নং পে-অর্ডারের মাধ্যমে জামানত হিসেবে ৩,০০,০০০/- টাকা অত্র দপ্তরে জমা করেন এবং মিরপুর ডিওএইচএস এর ৬৮৮ নং প্লটে বাড়ী নির্মাণ কাজ শুরু করেন। বাড়ীটির নির্মাণ কাজ সম্পন্ন করে প্লট মালিককে বুঝিয়ে দিয়েছেন। প্লট মালিক ভবন হস্তান্তর ও গ্রহণ সনদপত্র প্রদান করেছেন। উক্ত বিষয়ে অত্র দপ্তরের ৩০ সেপ্টেম্বর ২০১৪ তারিখের ঢাক্যাবো/ডেভোঃ/দিঃপূঃলিঃ/৪৩ নং পত্রে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তরের নিকট অনাপত্তি ছাড়পত্র চাওয়া হয়। সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর তদীয় ২৩ অক্টোবর,২০১৪ তারিখের বিডি/এলসি/২৭০২/২০০৫/৬৮৮/১৯ নং পত্রে উক্ত প্লট মালিক/ফ্ল্যাট ক্রেতাদের কোন প্রকার অভিযোগ/আপত্তি নেই মর্মে অত্র দপ্তরকে অবহিত করা হয়। বিস্তারিত আলোচনান্তে দি পূর্বা লিঃ কর্তৃক জমাকৃত ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার জামানত ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৩৯ঃ শহীদ বীর উত্তম লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণ পার্শ্বে স্বাধীনতা সরণিতে, শহীদ বাশার রোডের 'টি' জংশনের দুই পার্শ্বে এবং আই জি এস এন সি এর পশ্চিম পার্শ্বে বিপদজ্জনক পারাপার বন্ধের জন্য ডিভাইডার রেইলিং নির্মাণ কাজের মূল্যানুমান অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, উক্ত প্রকল্পের জন্য নিম্নোক্ত মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে ঃ-

| ক্রমিক নং | বিষয় | মূল্যানুমান |
|---|---|---|
| (ক) | বীর উত্তম লেঃ শহীদ আনোয়ার গার্লস কলেজের দক্ষিণ পার্শ্বে স্বাধীনতা সরণিতে বিপদজ্জনক পারাপার বন্ধের জন্য ডিভাইডার রেইলিং সররবাহ ও স্থাপন। | ১৪,৯৫,৫৯৩/- |
| (খ) | শহীদ বাশার রোডের টি জংশনের দুই পার্শ্বে বিপদজ্জনক পারাপার বন্ধের জন্য ডিভাইডার রেইলিং নির্মাণ কাজ। | ৪,২৬,৮৯৮/- |
| (গ) | আই জি এস এন্ড সি এর পশ্চিম পার্শ্বে বিপদজ্জনক পারাপার বন্ধের জন্য ফুটপাতের পার্শ্বে ডিভাইডার রেইলিং নির্মাণ কাজ। | ৩,১৭,২৭৮/- |

বিস্তারিত আলোচনান্তে উপরোল্লিখিত মূল্যানুমানসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান/বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৪০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত এলাকায় ইলেকট্রিক পোল ব্যবহারকারীদের ভাড়া নির্ধারণ প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের প্রধান সড়ক ও বিভিন্ন শাখা সড়কে ডিশ/ক্যাবল টিভি, ইন্টারনেট, টেলিফোন ইত্যাদির ঝুলন্ত তার রয়েছে, যা ক্যান্টনমেন্ট বোর্ডের নিরাপত্তা বাতির তারের সাথে বাঁধা। আগামী ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখের মধ্যে উক্ত ঝুলন্ত তার অপসারণ করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে চূড়ান্ত নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত সময়ের পর ক্যান্টনমেন্ট বোর্ডের পোল ব্যবহারের জন্য নির্ধারিত হারে ফি পরিশোধ করতে হবে।

৪২ বিবিধ-১ঃ রজনীগন্ধা টাওয়ার এর সালামীর অর্থ পরিশোধের জন্য সময় চেয়ে ১৩টি দোকানের বরাদ্দ গ্রহীতার আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ 'রজনীগন্ধা টাওয়ার' এর নির্মাণকাজ প্রায় শেষ। উক্ত শপিং কমপ্লেক্সের দোকান অতিশিঘ্রই বরাদ্দ গ্রহীতাকে বুঝে দেয়া হবে। সংশ্লিষ্ট শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস গ্রহীতাগণকে পাওনা সালামীর টাকা পরিশোধ সাপেক্ষে দোকান/স্পেস বুঝে নেয়ার জন্য অত্র দপ্তর কর্তৃক পত্র প্রদান করা হয়। এপ্রেক্ষিতে নিম্নোক্ত ১৩ টি দোকান/স্পেস এর বরাদ্দ গ্রহীতাগণ বিভিন্ন কারণ দেখিয়ে সালামীর টাকা পরিশোধের জন্য সময় চেয়ে অত্র দপ্তরে আবেদন করেছেন ঃ-

| ক্রঃ নং | দোকান নং | ইজারাগ্রহীতার নাম | সালামীর মোট টাকার পরিমান | পরিশোধিত সালামীর কিস্তি | পরিশোধিত কিস্তির টাকার পরিমান | অপরিশোধিত সালামীর কিস্তি | অবশিষ্ট কিস্তির টাকার পরিমান | সময় বৃদ্ধির আবেদনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১। | ১ম তলা-১৯ | হারুন ইঞ্জিনিয়ারিং লিঃ | ৪৪,৬৮,০৪৪.০০ | ০৩ কিস্তি | ১৭,২৫,৫১৮.০০ | ০৫ কিস্তি | ২৭,৪২,৫২৬.০০ | ২৪/৯/২০১৪ |
| ২। | ২য় তলা-১ | ক্যাপ্টেন (অবঃ) শাখাওয়াত হোসেন | ২৬,৮৮,৮৬৬.০০ | | ০০.০০ | ০৮ কিস্তি | ২৬,৮৮,৮৬৬.০০ | ২৮/৯/২০১৪ |
| ৩। | ২য় তলা-৪ | মেজর মোঃ সাইফুর রহমান (অবঃ) | ৩২,৪০,০০০.০০ | ০৪ কিস্তি | ১৬,২০,০০০.০০ | ০৪ কিস্তি | ১৬,২০,০০০.০০ | ২৮/৯/২০১৪ |
| ৪। | ২য় তলা-৮ | এম এম মিজানুর রহমান | ২৮,৬১,৩৬০.০০ | ০৩ কিস্তি | ১০,৬৫,৩৪০.০০ | ০৫ কিস্তি | ১৭,৯৬,০২০.০০ | ২৮/৯/২০১৪ |
| ৫। | ২য় তলা-১২ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ শহীদুল ইসলাম, এলডিএমসি, পিএসসি (অবঃ) | ১৪,৪৮,৪৯০.০০ | ০৩ কিস্তি | ৫,৪৩,১৮৩.০০ | ০৫ কিস্তি | ৯,০৫,৩০৭.০০ | ২৪/৯/২০১৪ |
| ৬। | ২য় তলা-১৬ | লেঃ কর্ণেল সৈয়দা সামছুন নাহার (অবঃ) | ২৫,৩৪,৮৫৮.০০ | ০৫ কিস্তি | ১৫,৯১,৮৫৭.০০ | ০৩ কিস্তি | ৯,৪৩,০০১.০০ | ৩০/৯/২০১৪ |
| ৭। | ২য় তলা-১৭ | জনাব রিজওয়ান হারুন | ৩০,৭২,৭০২.০০ | ০৫ কিস্তি | ১৯,৭০,৪৪০.০০ | ০৩ কিস্তি | ১১,০২,২৬২.০০ | ২৪/৯/২০১৪ |
| ৮। | ২য় তলা-১৯ | লেঃ কর্ণেল মোঃ শফিউল আলম (অবঃ) | ২৪,৮১,২৪৮.০০ | ০৫ কিস্তি | ১৫,৮৫,১৫৬.০০ | ০৩ কিস্তি | ৮,৯৬,০৯২.০০ | ৩০/৯/২০১৪ |
| ৯। | ২য় তলা-২৩ | বেগম প্রিয়া আক্তার | ২৫,৯৭,৬৯৩.০০ | ০৭ কিস্তি | ২৩,২২,৯৮৪.০০ | ০১ কিস্তি | ২,৭৪,৭০৯.০০ | ১৫/১০/২০১৪ |
| ১০। | ২য় তলা-৩১ | মিসেস উলফাত আরা | ৭,০২,১৯৮.০০ | | | ০৮ কিস্তি | ৭,০২,১৯৮.০০ | ১৬/১০/২০১৪ |
| ১১। | ৩য় তলা-১০ | মিসেস আঞ্জুমান আরা জামিল | ১০,৭৫,৬০০.০০ | ০৩ কিস্তি | ৩,১৮,৯০০.০০ | ০৫ কিস্তি | ৭,৫৬,৭০০.০০ | ১২/১০/২০১৪ |
| ১২। | ৩য় তলা-২১ | মিসেস শারমিন বিনতে সিদ্দিক | ১০,৯৩,২০০.০০ | ০৪ কিস্তি | ৫,৪৬,৬০০.০০ | ০৪ কিস্তি | ৫,৪৬,৬০০.০০ | ২৪/৯/২০১৪ |
| ১৩। | ৩য় তলা-২৫ | নাজনীন আরা | ২২,৫৬,০৮৩.০০ | ০১ কিস্তি | ৩,৩২,০১০.০০ | ০৭ কিস্তি | ১৯,২৪,০৭৩.০০ | ২৭/০৯/২০১৪ |

বিস্তারিত আলোচনান্তে ৩১ ডিসেম্বর, ২০১৪ তারিখের মধ্যে সমুদয় বকেয়া কিস্তি পরিশোধ করা না হলে দোকান বরাদ্দ বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ১৫ নভেম্বর, ২০১৪ তারিখের মধ্যে বকেয়ার ৫০% পরিশোধ করা হলে দোকান হস্তান্তর করা হবে।

৪২ বিবিধ-২ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় বিটিএস টাওয়ার স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস পরিষদ হতে প্রস্তাবিত স্থান সমূহের নকশা ও বিবরণী প্রদানের জন্য সংশ্লিষ্ট পরিষদকে অনুরোধ পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভূমি সংক্রান্ত বিষয়ে বি টি এস টাওয়ার স্থাপনকারীগণ ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে যোগাযোগ করে বিধিমোতাবেক চুক্তি স্বাক্ষরের মাধ্যমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-৩ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ইলেক্ট্রোমেকানিক্যাল কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ১৬,৫৯,৫৫,২২৫/- (ষোল কোটি উনষাট লক্ষ পঁঞ্চান্ন হাজার দুইশত পঁচিশ) টাকার ইলেক্ট্রোমেকানিক্যাল কাজের মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৪২ বিবিধ-৪ঃ গত ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৫(১৩) এর গৃহীত সিদ্ধান্ত (গ) এর অনুবৃত্তিক্রমে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং প্লটে বেজমেন্টসহ সংশোধিত ০৭(সাত) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং প্লটে ০৬(ছয়) তলা ভবন নির্মাণের নিমিত্তে উক্ত প্লটের মালিকের স্বামী প্রাক্তন সেনা বাহিনী প্রধান মেজর জেনাঃ (অবঃ) কে এম সফিউল্লাহ, বীর উত্তম গত ২৩/৯/২০১৩ তারিখে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করলে বিষয়টি গত ২৬/৯/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-১৩ এর মাধ্যমে উপস্থাপন করা হয়। উক্ত প্লটে ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের জন্য আবেদন করা হলে তা বিধি মোতাবেক বিবেচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে বিমান বাহিনী সদর দপ্তর, প্রশাসনিক শাখা, পূর্ত পরিদপ্তরের ২৮/১০/২০১৩ তারিখের ০৬.০৩.২৬০০.০৩৮.৬৮.০০১.০৭.৭৪০-১/৬৬ক নং পত্রের মাধ্যমে বিমান বাহিনী প্রধানের সরকারী বাসভবন "এয়ার হাউজ" এর প্রাচীর সংলগ্ন শহীদ সরণিস্থ ১ নং প্লটে অধিক উচ্চতা সম্পন্ন ফ্ল্যাটবাড়ী বা সুউচ্চ ভবন/স্থাপনা নির্মাণের অনুমতি বা নকশা অনুমোদন প্রদান না করার জন্য অনুরোধ জানানো হয়। অপরদিকে গত ২৬/৮/২০১৪ তারিখে উক্ত প্লটে বেজমেন্টসহ ০৭(সাত) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের জন্য প্লট মালিক কর্তৃক আবেদন করা হয়েছে। বিষয়টি গত ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-১৫(১৩) এর মাধ্যমে উপস্থাপন করা হলে বিষয়টি স্টেশন সদর দপ্তরের মাধ্যমে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরে প্রেরণপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য বোর্ড একমত পোষণ করে। সভাপতি বোর্ডকে অবহিত করেন যে, উক্ত প্লটে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে সেনাসদরের কোন আপত্তি নাই। আলোচনায় সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ (সংশোধিত ২০১১) অনুসারে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং প্লটে নকশা অনুমোদনে কোন বাঁধা নেই মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এ পর্যায়ে আলোচনায় অংশগ্রহণ করে বোর্ডের সদস্য গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি এ ব্যাপারে বিমান বাহিনীর আপত্তির কথা জানান ও উল্লেখ্য যে, ইতিপূর্বে এয়ার হাউজের নিকটবর্তী স্থানে বহুতল ভবন নির্মাণের ক্ষেত্রে বিমান সদর দপ্তরের ছাড়পত্র গ্রহণ করা হয়েছিল। বিষয়টির উপর আলোচনায় আরো জানা যায় যে, এয়ার হাউজ সংস্কার করতঃ বহুতল ভবন নির্মাণাধীন আছে এবং এয়ার হাউজের পিছনে আরো দু'টি ৫(পাঁচ) তলা ভবন রয়েছে। আলোচ্য প্লটে ৭(সাত) তলা ভবন নির্মাণে কোন বিধি-নিষেধ আরোপ করা নাই বিধায় ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং প্লটে বেজমেন্টসহ ০৭(সাত) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-৫ঃ গত ২৮ অক্টোবর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২২বিবিধ(৩)(৫) এর মাধ্যমে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত প্রতিষ্ঠানের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের দর অনুমোদন সংশোধনী প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড ও বোর্ড নিয়ন্ত্রিত ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক সরবরাহের জন্য দরপত্র আহ্বান করা হলে মেসার্স শফিক টেইলার্স কর্তৃক ৯,৬৭,৫৬০/- টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উক্ত দরটি ২৮ অক্টোবর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-২২বিবিধ(৩)(৫) এর মাধ্যমে উপস্থাপন করা হলে এ খাতে বরাদ্দকৃত বাজেট হতে ব্যয় সংকুলান সাপেক্ষে দর অনুমোদন করা হয় এবং ভুলঃবশত প্রস্তাবটি পরবর্তী অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ৪র্থ শ্রেণীর কর্মচারীদের পোষাক বিতরণের ব্যয় অনুমোদিত বাজেটে অন্তর্ভুক্ত থাকায় পোশাক সরবরাহের বিল সংশ্লিষ্ট শাখার নৈমিত্তিক খাত হতে পরিশোধ করার ঘটনোত্তর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-৬ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৯/সি-১ নং প্লটের জেনারেল পাওয়ার অব এটর্নি প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং সড়কে অবস্থিত ৪৯/সি-১ নং প্লটটি ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ২০/১/১৯৭৯ তারিখে ৯৯ বছরের জন্য মিসেস হামিদা আলী, স্বামী-মোহাম্মদ আলীর নিকট ইজারা প্রদান করা হয়। অতঃপর ১৮/৩/১৯৮৪ তারিখে ইজারা গ্রহীতার নিকট হতে সাব-রেজিস্ট্রার তেজগাঁও, ঢাকা এর ১৩০৮ নং রেজিস্ট্রীকৃত দলিলের মাধ্যমে জনাব নাজমুল ইসলাম চৌধুরী ক্রয় করেন। ১২/১২/১৯৮৪ তারিখে অত্র দপ্তর কর্তৃক জনাব নাজমুল ইসলাম চৌধুরী, পিতা-মৃত জামাল উদ্দিন চৌধুরীর নামে নামজারী করা হয়। তিনি উক্ত প্লটে বাড়ী নির্মাণ এবং যাবতীয় কার্যক্রম পরিচালনার জন্য আমেরিকানস্থ বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে মেজর (অবঃ)

মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিঃ কে ১৭ আগষ্ট ২০১৪ তারিখে পাওয়ার অব এটর্নী প্রদান করেন। উক্ত পাওয়ার অব এটর্নী পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক সত্যায়িত করা হয়েছে এবং নিয়মানুযায়ী উক্ত পাওয়ার অব এ্যাটর্নিতে জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, ট্রেজারী শাখা হতে বিশেষ আঠালো ষ্ট্যাম্প সংযুক্ত করণের লক্ষ্যে দাখিল করা হয়েছে। জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা, ট্রেজারী শাখা হতে ১৬ অক্টোবর ২০১৪ তারিখে ০৫.৪০.২৬০০.০১৫.৫২.০১০.১৩.১৮১৪ নং পত্রে বর্ণিত সম্পত্তিতে সরকারী স্বার্থ জড়িত আছে কিনা তা জানানোর জন্য অত্র দপ্তরকে অনুরোধ করা হয়। বিষয়টির উপর ২৮ অক্টোবর ২০১৪ তারিখে অত্র দপ্তরের আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে তিনি নিম্নোক্ত মতামত প্রদান করেনঃ-

> "নথি পর্যালোচনা করিয়া দেখা গেল । নথির সহিত সংযুক্ত আম-মোক্তারনামা দলিল খানা পর্যালোচনায় দেখা যায় বর্ণিত তপসিলভূক্ত সম্পত্তি খানা বোর্ড হইতে ইজারা গ্রহণ করা হইয়াছে এবং পরবর্তীতে উক্ত সম্পত্তির ক্রেতার নামে নামজারী করা হইয়াছে। এমতাবস্থায়, উক্ত আম-মোক্তারনামা দলিলখানা আইনানুগ সঠিক আছে মর্মে প্রতীয়মান হয়।"

বিস্তারিত আলোচনান্তে আম-মোক্তারনামাটি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের হিসাব রক্ষণ শাখা ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ০১(এক)টি করে মোট ০২টি কোর আই-৩ ডেস্কটপ কম্পিউটার, ১টি লেজার প্রিন্টার ও ৪টি ইউপিএস সরবরাহ। | ১,২৩,৮০০/- (বাজার দর) | ওয়ান স্টপ সার্ভিস এন্ড সলিউশন, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা। | ১,২৩,৮০০/- | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত ও হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ২। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের লিফট এর ডোর সেন্সর সরবরাহ ও স্থাপন। | ৪৫,০০০/- (বাজার দর) | আজিজ এন্ড কোং | ৪৯,৫০০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ৩। | মিরপুর ডিওএইচএস এর লেকের পাড়ে বিশেষ ধরনের পোল দ্বারা নিরাপত্তা বাতি স্থাপন কাজ। | ১৪,১৪,২৮১/- | এম আর ট্রেড লিংক | ১৪,৮৩,৫৮০/৭৬ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | মিরপুর ডিওএইচএস এর লেকের চতুর্দিকে গার্ডেন লাইট স্থাপন কাজ। | ৪,৮৩,৬১১/- | এম আর ট্রেড লিংক | ৫,০৭,৩৭০/৮৭ | সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত অবশিষ্ট কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১ ও ২ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

৪২ বিবিধ-৮ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার সড়ক নং-৮, বাসা নং-৫০ প্লটে নতুন বাড়ী নির্মাণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক ক্ষতিপূরণ প্রত্যাহার প্রসংগে স্টেশন সদর দপ্তরের ২৮/১০/২০১৪ তারিখের ৬০৪/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ স্টেশন সদর দপ্তরের ২৮/১০/২০১৪ তারিখের ৬০৪/১/এ নং পত্রের সাথে সংযুক্ত প্রকৌশলী মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) এর ২৭ অক্টোবর, ২০১৪ তারিখের আবেদনপত্রটি সভায় উপস্থাপন করা হয়। পত্রটি পর্যালোচনায় দেখা যায় যে, মেজর মোঃ জসীম উদদীন ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫০ নং প্লটের ক্রয়সূত্রে মালিক। গত ২৫/৬/২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৬(১৭) এর মাধ্যমে উক্ত প্লটে প্রযোজ্য ক্ষেত্রে রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ সাপেক্ষে ০৭(সাত) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ০২ সেপ্টেম্বর, ২০১৪ তারিখের ঢাক্যাবো/প্লট নং-৫০/ক্যাঃআঃএঃ/১৩৫ নং পত্রের মাধ্যমে বিধি মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ বাবদ ১০,৮৪,৪৮০/- টাকা জমা করার জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে কোন কার্যক্রম গ্রহণ না করে বা উক্ত পত্রের কোন জবাব না দিয়ে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ) স্টেশন সদর দপ্তরসহ অন্যান্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দপ্তরে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর নাম উল্লেখপূর্বক উৎকোচ চাওয়ার অভিযোগ আনেন। উক্ত পত্রের ভাষা ব্যবহার পর্যালোচনায় ১৯২৪ সনের ক্যান্টনমেন্ট এ্যাক্ট এর ধারা 2(XXII) এর 'Nuisance' এর সংজ্ঞা অনুযায়ী এবং উক্ত আইনের 118(1)a(ii) ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। বিস্তারিত আলোচনান্তে মেজর মোঃ জসীম উদদীন (অবঃ)-কে তাঁর অভিযোগের স্বপক্ষে সাক্ষ্য প্রমাণসহ আগামী বোর্ডসভায় উপস্থিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। বিষয়টি অভিযোগকারীকে অবহিত করা হোক। সভায় উপস্থিত হতে ব্যর্থ হলে তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ০৩(তিন)টি প্রতিষ্ঠানকে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আলোচনান্তে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে (ক) মেসার্স এইচ এন্ড জেড এন্টারপ্রাইজ (খ) মেসার্স এসএমকে কনস্ট্রাকশন (গ) মেসার্স হাসনাত এন্টারপ্রাইজ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে ১ম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

৪২ বিবিধ-১০ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ৩১ নং কক্ষের ভিতরে পানির লাইন নষ্ট হওয়ায় মেরামত কাজের জন্য ৩০,৯১২/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের ৩১ নং কক্ষের ভিতরে পানির লাইন নষ্ট হওয়ায় মেরামত কাজের জন্য ৩০,৯১২/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। বিদ্যালয় তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৪২ বিবিধ-১১ঃ রজনীগন্ধা টাওয়ার এর বাউন্ডারী ওয়াল, গেইট, র‍্যাম্প প্রটেকশন শেড, পেভ টাইলস্, ইলেক্ট্রিক ওয়ার্কসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য ১,১৯,৬৯,৫৭৯/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের যাবতীয় ব্যয় মার্কেটের দোকান বিক্রির সালামীর অর্থ হতে সংকুলান করা হবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা টাওয়ার এর বাউন্ডারী ওয়াল, গেইট, র‍্যাম্প প্রটেকশন শেড, পেভ টাইলস্, ইলেক্ট্রিক ওয়ার্কসহ অন্যান্য আনুষঙ্গিক কাজের জন্য ১,১৯,৬৯,৫৭৯/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় মার্কেটের দোকান বিক্রির সালামীর অর্থ হতে সংকুলান করা হবে।

৪২ বিবিধ-১২ঃ গত ২৪ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৪২ এর ক্রমিক নং-৬ এর মাধ্যমে মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স এর ঠিকাদার তালিকাভুক্তি বাতিল সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উক্ত ফার্মের বিরুদ্ধে কোন অডিট আপত্তি নেই বা বোর্ডের কোন পাওনা নেই। মেসার্স রুদ্র এন্ড ব্রাদার্স এর আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানের ঠিকাদারী তালিকাভুক্তি বাতিলসহ উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে জমাকৃত নিরাপত্তা জামানত ২৫,০০০/- (পঁাচিশ হাজার) টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৯.১১.২০১৪ ৯/১১/২০১৪

*( মোঃ রেজাউল ইসলাম )*
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

*(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)*
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন<br>অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি<br>অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল মোস্তাফিজুর রহমান<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | মেজর মোঃ ফেরদৌস আলম সরকার<br>ভারপ্রাপ্ত স্টেশন হেলথ অফিসার<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহ্মেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | জনাব মোঃ মাহবুব জামিল<br>সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |